

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৯৯

আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৪

**পুরাতন আগরতলা ব্লকে সহায়ক মূল্যে ধান ক্রয়**

পুরাতন আগরতলা ব্লকের কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করা হয়েছে। ব্লকের ৮৩ জন কৃষকের কাছ থেকে ১১৫ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। ব্লকের কৃষকমালা মুক্তমঞ্চে আয়োজিত এক অনুষ্ঠানে সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা করেন বিধায়ক রতন চক্রবর্তী। অনুষ্ঠানে বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন, কৃষকদের কল্যাণে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প নিয়েছে। সহায়কমূল্যে ধান ক্রয় তাদের মধ্যে অন্যতম। এতে কৃষকরা লাভবান হচ্ছেন। তিনি বলেন, দেশের কৃষকদের আর্থসামাজিক মান উন্নয়নে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার বিভিন্ন ফ্ল্যাগশিপ প্রকল্প বাস্তবায়ন করছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল। স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়া মহকুমার ভারপ্রাপ্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উপ অধিকর্তা উৎপল সাহা ও ব্লকের বিডিও শান্তনু দত্ত।

\*\*\*\*\*